

এনটিআরসিএ হতে প্রাপ্ত নিবন্ধন সনদধারীদের বিষয়ভিত্তিক জাতীয় মেধা তালিকা সংক্রান্ত
কতিপয় সাধারণ জ্ঞাতব্য

১. এনটিআরসিএ কর্তৃক ২০০৫ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত গৃহীত একটি বিশেষসহ ১৪ টি শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ নিবন্ধন সনদধারীদের বিষয়ে মাননীয় হাইকোর্টের রায়ে একটি **Combined National Merit List** প্রণয়নের নির্দেশনা প্রদানের প্রেক্ষিতে এনটিআরসিএ সম্প্রতি টেলিটক বাংলাদেশ লিঃ কর্তৃক প্রস্তুতকৃত একটি সফটওয়্যারের মাধ্যমে একটি সম্মিলিত বিষয়ভিত্তিক জাতীয় মেধা তালিকা প্রণয়ন করে এনটিআরসিএ'র ওয়েবসাইট www.ntcrca.gov.bd ও ngi.teletalk.com.bd এ প্রকাশের ব্যবস্থা করেছে।
২. প্রসঙ্গে: উল্লেখ্য যে, এনটিআরসিএ'র কার্যক্রমের প্রাথমিক পর্যায়ে গৃহীত ১ম থেকে ৫ম নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আবশ্যিকীয় তথ্যাদি বাংলায় সংগৃহীত হয়েছিল। সমন্বিত আকারে জাতীয় মেধা তালিকা প্রকাশের লক্ষে সম্প্রতি সকল প্রার্থীর নামের বানানসহ আবশ্যিকীয় তথ্যাদি অনলাইনে ইংরেজিতে সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হলেও; সকল প্রার্থীর নিকট হতে যাচিত তথ্যাদি না পাওয়ায় মেধা তালিকায় অনেকের নামের ঘরটি এখনও শূন্য রয়েছে। সংশ্লিষ্ট সনদধারীরা যাচিত তথ্যাদি প্রদান করলে পরবর্তীতে তা মেধা তালিকায় প্রদর্শন করা হবে।
৩. এ প্রসঙ্গে আরো উল্লেখ্য যে, অদ্যাবধি অনুষ্ঠিত সকল নিবন্ধন পরীক্ষা গ্রহণের ধরণ একই রকম ছিলনা। শুরুতে আবশ্যিক বিষয়ে রচনামূলক (লিখিত) পরীক্ষা গ্রহণ করা হলেও বর্তমানে তা **MCQ** পদ্ধতিতে গ্রহণ করা হয়। এছাড়া ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার পূর্বে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হতো না। এমতাবস্থায়, বিভিন্ন শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সনদে উল্লিখিত ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে একটি সম্মিলিত জাতীয় মেধা তালিকা প্রণয়ন করা হয়েছে।
৪. একই বিষয়ে একই নম্বর প্রাপ্ত শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধাক্রম একই অবস্থানে প্রদর্শন করা হয়েছে। নিয়োগের সুপারিশের সময় সরকার নির্ধারিত মানদণ্ড অনুসরণ করে একই নম্বর প্রাপ্তদের জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।
৫. সম্মিলিত জাতীয় মেধা তালিকার **Public View**-তে বিষয়ভিত্তিক সকল প্রার্থীর জাতীয় মেধা তালিকা প্রদর্শিত হবে এবং **Applicant's View**-তে প্রার্থী নিজের তথ্য দিয়ে সার্চ মডিউলে বিস্তারিত তথ্য দেখতে পাবে।
৬. সমন্বিত জাতীয় মেধা তালিকাটি পরবর্তী প্রতিটি শিক্ষক নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশের পর হালনাগাদের ব্যবস্থা গ্রহণ করা হবে।



10.07.2018